**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-11-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য মন্ত্রিসভার বৈঠকে বিভিন্ন দপ্তরে ২ হাজারেরও বেশি পদে লোক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যে আয়ুষ্মান ভারত স্কুল হেলথ মিশন প্রকল্পের উদ্বোধন করেন ।**

**(৩) ভারত সংখ্যালঘুদের নিরাপত্তায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানিয়েছে ।**

**(৪) প্রাণী পালক কৃষকদের সম্মান ও প্রাণী পালনে তাদের উৎসাহিত করতে রাজ্যে চলতি অর্থবছরে প্রায় ৫ হাজার প্রাণীপালক পরিবারকে মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মান নিধির মাধ্যমে সম্মাননা প্রদান করা হবে ।**

**(৫) গুয়াহাটিতে অনুষ্ঠিত প্যারা গেমসে ত্রিপুরা দল ৯টি স্বর্ণ সহ মোট ২৩টি পদক দখল করেছে ।**

*******************************************

**Cabinet :**

রাজ্য মন্ত্রিসভার বৈঠকে বিভিন্ন দপ্তরে ২ হাজারেরও বেশি পদে লোক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা জানান। তিনি জানান, গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধীনে ১,৫৬৬টি অস্নাতক ও স্নাতক শিক্ষকের পদ সৃষ্টির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এরমধ্যে রয়েছে ১,০৯৯টি অস্নাতক

শিক্ষক পদ এবং ৪৬৭টি স্নাতক শিক্ষক পদ। এই অস্নাতক ও স্নাতক শিক্ষকের পদগুলিতে নিয়োগ প্রক্রিয়া টিআরবিটি'র মাধ্যমে সম্পন্ন করা হবে। তাছাড়াও গতকাল মন্ত্রিসভার বৈঠকে রাজ্যের ১২৫টি বিদ্যাজ্যোতি বিদ্যালয়ের জন্য ১১২ জন স্পেশাল এডুকেটর নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ফিক্সড-পে ভিত্তিতে তাদের নিয়োগ করা হবে। সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী আরও জানান, গ্রামোন্নয়ন দপ্তরে ১৯৮ জন জুনিয়র ইঞ্জিনীয়ার নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর মধ্যে ডিগ্রীধারীদের জন্য ১০৫টি পদ ও ডিপ্লোমাপ্রাপ্তদের ৯৩টি পদ টিপিএসসি'র মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। তাছাড়া কারা বিভাগে ওয়ার্ডার পদে ১৩৭ জন পুরুষ ও ১৪ জন মহিলাসহ মোট ১৫১ জনকে নিয়োগ করার অনুমোদন দেওয়া হয়েছে রাজ্য মন্ত্রিসভায়।

*****************************

**PM SVANidhi Yojna :**

কেন্দ্রীয় সরকার পিএম স্বনিধি যোজনার মাধ্যমে স্ট্রীট ভেন্ডারদের আকাঙ্খাকে উজ্জীবিত করা, আর্থিক স্বাধীনতা এবং আত্মসম্মানকে সক্ষম করার প্রয়াস নিয়েছে। আগরতলা পুর নিগমও এই যোজনার মাধ্যমে স্ট্রীট ভেন্ডারদের আর্থিকভাবে সচ্ছল করার উদ্দেশ্যে ১০ হাজার থেকে শুরু করে ৫০ হাজার টাকা পর্যন্ত গ্যারেন্টার ছাড়া ঋণ দেওয়ার ব্যবস্থা করেছে। আজ আগরতলায় পুর নিগমের সদর দপ্তরে এক অনুষ্ঠানের মাধ্যমে সেন্ট্রাল জোনের উদ্যোগে শহরের স্ট্রীট ভেন্ডারদের হাতে ঋণপত্র তুলে দেন কর্পোরেটর রত্না দত্ত। উপস্থিত ছিলেন কর্পোরেটর স্নিগ্ধা দাস দেব, ভাস্বতি দেববর্মা। আজ প্রায় ১০০ জন স্ট্রীট ভেন্ডারের হাতে ঋণপত্র তুলে দেওয়া হয়।

****************************

**Transport :**

পরিবহন দপ্তরের উদ্যোগে আজ প্রজ্ঞা ভবনে যানবাহন স্ক্র্যাপিং নীতি এবং ই-নিলামের মাধ্যমে বিভাগীয় যানবাহন বিক্রির উপর একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে ১৫ বছরের পুরনো গাড়ি ইতিমধ্যে নিষিদ্ধ করা হচ্ছে। পুরনো গাড়ি থেকে যে পরিমাণ ধোঁয়া নির্গত হয় তাতে পরিবেশ দূষিত হচ্ছে। রাজ্য সরকারের ইতিমধ্যে সিদ্ধান্ত নিয়েছে সরকারি দপ্তরে ব্যবহৃত ১৫ বছরের পুরনো গাড়িগুলি বাতিল করার।

**************************

**Ayushman Bharat School Health Mission :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ রাজ্যে আয়ুষ্মান ভারত স্কুল হেলথ মিশন প্রকল্পের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বিদ্যালয় শিক্ষা দপ্তর এবং জাতীয় স্বাস্থ্য মিশনের যৌথ উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন আজকের শিশুরাই আগামীর ভবিষ্যতের দিশারী। তাই তাদের স্বাস্থ্যের খেয়াল রাখা অত্যন্ত জরুরি। সেই লক্ষ্যেই আয়ুষ্মান ভারত স্কুল হেলথ মিশন প্রকল্প চালুর উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। তিনি বলেন রাজ্যের ১২৫টি বিদ্যাজ্যোতি স্কুলে ফ্ল্যাগশিপ প্রকল্পের মাধ্যমে প্রথম পর্যায়ে এই প্রকল্প কার্যকর করা হবে। পরবর্তী সময়ে রাজ্যে সবকটি স্কুল এই প্রকল্পের আওতায় চলে আসবে। এই প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে তিনি বলেন ছাত্রছাত্রীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে গেলে খেলাধুলা থেকে শুরু করে যোগ ব্যায়ামের সাথে যুক্ত হতে হবে। তাই আগে থেকে পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে যদি ছাত্রছাত্রীদের রোগ সম্পর্কে জানা থাকে তাহলে ভবিষ্যতে সুস্বাস্থ্যের অধিকারী হতে এই প্রকল্প কাজে আসবে। অনুষ্ঠানে নীতি আয়োগের সদস্য ডঃ ভি কে পাল বলেন ২০৪৭ সালের বিকশিত ভারত গড়ার লক্ষ্যে বর্তমান ছাত্রছাত্রীদের অনবদ্য ভূমিকা থাকবে। তাই তাদের শিক্ষা ও স্বাস্থ্যের দিক দিয়ে

সঠিকভাবে গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষক-শিক্ষিকাদের আরো বেশী যত্নবান হবার আহবান জানান।

*************************

**Press Club-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলা প্রেসক্লাবে চারদিনব্যাপী দক্ষতা উন্নয়ন বিষয়ে সাংবাদিকদের কর্মশালার উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার সাংবাদিক বান্ধব। সাংবাদিকদের স্বার্থে সরকার অনেক সিদ্ধান্ত নিয়েছে। তথ্য সংস্কৃতি দপ্তর ও আগরতলা প্রেসক্লাবের যৌথ উদ্যোগে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রেসক্লাব অফ ইন্ডিয়া সভাপতি গৌতম লাহিড়ী, তথ্য দপ্তরের সচিব পিকে চক্রবর্তী, আগরতলা প্রেসক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য প্রমুখ।

****************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ উড়িষ্যার ভুবনেশ্বরে পুলিশ মহানির্দেশকদের তিনদিনব্যাপী সর্বভারতীয় সম্মেলনের উদ্বোধন করেন। এই সম্মেলনে অভ্যন্তরীণ নিরাপত্তা, নতুন ধরনের অপরাধ দমন আইন, উপকূলীয় নিরাপত্তা, সাইবার অপরাধ, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং ড্রোন দ্বারা সৃষ্ট চ্যালেঞ্জের বিষয় অন্তর্ভুক্ত থাকবে।

******************************

**India-Bangladesh :**

ভারত সংখ্যালঘুদের নিরাপত্তায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানিয়েছে। আজ নতুন দিল্লিতে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সোয়াল জানিয়েছেন, ভারত সে দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর ক্রমাগত আক্রমণের ঘটনার বিষয়টি বাংলাদেশ সরকারের কাছে জোরালোভাবে

উত্থাপন করেছে। এই বিষয়ে ভারতের স্পষ্ট বক্তব্য বাংলাদেশের অন্তবর্তী সরকার সে দেশের সংখ্যালঘুদের রক্ষায় তার দায়িত্ব যথাযথভাবে পালন করুক।

****************************

**Red Run Competition-West :**

পশ্চিম জেলার এইডস কন্ট্রোল ইউনিটের উদ্যোগে ও ত্রিপুরা রাজ্য এইডস সোসাইটির সহযোগিতায় পশ্চিম জেলা ভিত্তিক রেড রান প্রতিযোগিতা আজ সকালে রাজধানী আগরতলায় অনুষ্ঠিত হয়। আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার ও পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডঃ বিশাল কুমার উমাকান্ত একাডেমির সামনে থেকে এই রেড রানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। বক্তব্য রাখতে গিয়ে মেয়র এইডসের বিরুদ্ধে সচেতনতা বাড়ানোর জন্য এধরণের উদ্যোগের প্রশংসা করেন। তিনি বলেন, এই রোগ প্রতিরোধে সম্মেলিত ভাবে প্রয়াস চালাতে হবে। পরে পুরুষ ও মহিলা বিভাগে ৫ কিলোমিটার দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতার শেষে উভয় বিভাগে প্রথম ১৫ জনকে পুরস্কৃত করা হয়।

*************************

**Red Run-Kailashahar :**

ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও আজ প্রতিযোগিতামূলক "রেড রান" অনুষ্ঠিত হয়। ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটি'র উদ্দোগে, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহযোগিতায় এবং উদ্ভাবনী সামাজিক সংস্থা'র ব্যবস্থাপনায় এই দৌড় প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়। আজকের এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অফিস প্রাঙ্গণ থেকে দৌড় শুরু হয়ে পাইতুরবাজার মোটর স্ট্যান্ড হয়ে সংশ্লিষ্ট দপ্তর অফিস প্রাঙ্গণেই তা সমাপ্ত হয়। দৌড় প্রতিযোগিতা শেষে পুরুষ

ও মহিলা উভয় বিভাগের বিজয়ীদের মধ্যে পুরষ্কার বিতরণ করা হয়।

****************************

**Mukhyamantri Prani Palak Sanman Nidhi Yojna :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রাণী পালক কৃষকদের সম্মান ও প্রাণী পালনে তাদের উৎসাহিত করতে রাজ্যে চলতি অর্থবছরে প্রায় ৫ হাজার প্রাণীপালক পরিবারকে মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মান নিধির মাধ্যমে সম্মাননা প্রদান করা হবে। সম্মাননা হিসেবে তাদের ৬ হাজার টাকা ডিবিটির মাধ্যমে দেওয়া হবে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মান নিধির দ্বিতীয় পর্যায়ের আর্থিক সহায়তা প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রাণীসম্পদকে ভিত্তি করে রাজ্যে কর্মসংস্থানে সরকার অগ্রাধিকার দিয়েছে। এই লক্ষ্যে প্রাণীজ খাদ্য উৎপাদন বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনা বাস্তবায়নে চলতি অর্থবছরে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরকে ১১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনার অন্তর্গত হাঁস ও পোলট্রি প্রতিপালন প্রকল্পে চলতি অর্থবছরে ৩৬ হাজার পরিবারকে সহায়তা করা হবে। আর্থিকভাবে দুর্বল শ্রেণী পরিবারে গৃহপালিত পশু বা পাখির অস্বাভাবিক মৃত্যুর পর প্রাণীপালকদের সর্বোচ্চ ২০ হাজার টাকা পর্যন্ত সহায়তা দেওয়ার সংস্থান রয়েছে।

অনুষ্ঠানে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস মহিলাদের আত্মনির্ভরতার জন্য প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের আগামীদিনের পরিকল্পনা বিস্তারিত উল্লেখ করেন।

****************************

**Educationist expired :**

কৈলাশহর রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের প্রাক্তন ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও রাজ্যের বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব রতীশ মজুমদারের জীবনাবসান

হয়েছে। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল চুয়াত্তর বছর। বার্ধক্যজনিত রোগভোগের পর কৈলাশহরে আজ তাঁর জীবনাবসান ঘটে। প্রয়াত রতীশ মজুমদার একসময় রাজ্য শিক্ষা ও গবেষণা পর্ষদ বা S.C.E.R.T'র অধিকর্তা' হিসাবেও কাজ করেছেন। সাক্ষরতা আন্দোলনের সাথে তিনি নিবিড়ভাবে যুক্ত ছিলেন। তাঁর প্রয়াণে বিভিন্ন ব্যক্তি, সংস্থার পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

***************************

**Forest Minister :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা খোয়াইয়ের নতুন টাউন হলে ৪ দিনব্যাপী খোয়াই জেলাভিত্তিক বিদ্যাফেস্টের উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে তিনি ছাত্রছাত্রীদের গুণগত শিক্ষা প্রদান করার মধ্য দিয়ে শিক্ষার মানকে আরও বিকশিত করে তোলার উপর গুরুত্ব আরোপ করেন। খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহরায় (দত্ত) বলেন, সরকার রাজ্যের সার্বিক উন্নয়নের পাশাপাশি শিক্ষার পরিকাঠামো উন্নয়নে কাজ করছে। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন। সভাপতিত্ব করেন খোয়াই মহকুমার মহকুমা শাসক চারু ভার্মা।

জেলাভিত্তিক বিদ্যাফেস্টে খোয়াই জেলার ১২টি বিদ্যাজ্যোতি বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সংগীত, নৃত্য, নাটক, রচনা লিখন, আর্ট, মিউজিক, যোগা, রঙ্গোলী, কবিতা সহ ২৮টি ইভেন্টে অংশ নেবে। আগামী দোসরা ডিসেম্বর তেলিয়ামুড়া টাউনহলে ৪ দিনব্যাপী বিদ্যাফেস্টের সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হবে। জেলাভিত্তিক বিদ্যাফেস্ট উপলক্ষে টাউনহল প্রাঙ্গণে ১২টি প্রদর্শনী স্টল খোলা হয়েছে।

***********************

**Para Games :**

গুয়াহাটিতে অনুষ্ঠিত প্যারা গেমসে ত্রিপুরা দল ৯টি স্বর্ণ সহ মোট ২৩টি পদক দখল করেছে। অ্যাথলেটিক্সে ত্রিপুরার দৃষ্টিহীন অ্যাথলিট মহম্মদ আমজাদ হোসেন একাই তিনটি স্বর্ণ পদক দখল করে চমক দিয়েছেন। এছাড়া অপর প্যারা অ্যাথলেট সুশান্ত নম: একটি স্বর্ণ সহ তিনটি রূপো পান। একটি ব্রোঞ্জ পান নয়ন চন্দ্র রায়।  সাঁতারে রাজ্যদল ৫টি স্বর্ণ সহ ১৬টি পদক পায়। সমীর বর্মন তিনটি স্বর্ণ ও একটি রূপো, বিনিত রায় একটি স্বর্ণ সহ দুটি রূপো, সুকেশ সরকার চারটি রূপো, অভিজিৎ দেব একটি স্বর্ণ, একটি রূপো ও একটি ব্রোঞ্জ, সপ্তর্ষি পাল তিনটি রূপো ও রাকেশ দেববর্মা একটি স্বর্ণ পদক দখল করে। তিনদিনের এই আসর আজ শেষ হয়েছে।

****************************

**Cooch Behar Trophy :**

কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেট প্রতিযোগিতার চারদিনের খেলায় ত্রিপুরা এক ইনিংস ও ২৮১ রানে আজ অরুণাচল প্রদেশকে পরাজিত করেছে। নরসিংগড়ের পিটিএ মাঠে ৫ উইকেটে ২২১ রান থেকে দ্বিতীয় দিনে খেলতে নেমে রাজ্যদল ৭ উইকেটে ৪২৯ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষনা দেয়। দলের অধিনায়ক অর্কজিত রায় অনবদ্য ১৭১ রান করে। জয় ছিনিয়ে রাজ্যদল এম্যাচ থেকে বোনাস সহ ৭ পয়েন্ট পেয়েছে।

****************************